

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 20-11-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Cabinet-Sushanta Chowdhury :

রাজ্য সরকার নড়সিংগড়স্থিত টি.আই.টি-কে ত্রিপুরা গভর্নমেন্ট টেকনিকাল ইউনিভার্সিটি এবং আগরতলার মহিলা মহাবিদ্যালয়কে ত্রিপুরা সরকারী মহিলা বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, মন্ত্রিসভার বৈঠকে সমবায় দপ্তরের অধীনে জে.আর.বি.টি-র মাধ্যমে স্থির বেতনে অডিটর, ইনভেস্টিগেটর, স্ট্যাটোস্টিক্যাল ইনভেস্টিগেটরের ১৭টি শূণ্যপদ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে আইসিডিএস প্রকল্পে ২৮টি সুপারভাইজার পদ, নগর উন্নয়ন দপ্তরের অধীনে ১৪টি পদ সৃষ্টি করা হয়েছে এবং পদগুলি পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পর্যটন মন্ত্রী আরো জানান, অবসরপ্রাপ্ত সাংবাদিকদের পেনশনের অর্থরাশি বৃদ্ধি করার বিষয়ে রাজ্য সরকার শীত্বান্ত গ্রহণ করবে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিডেন্ট নাল্লু গতকাল সূর্যমনিগরস্থিত শ্রী শ্রী রক্ষাকালী মাতা মন্দির প্রাঙ্গণে সুবর্ণজয়ন্তী উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, ত্রিপুরা সাংস্কৃতিক দিক দিয়ে খুবই সমৃদ্ধ রাজ্য। এধরণের উৎসব বিভিন্ন জাতি, ধর্ম, বর্ণের মানুষকে সম্মিলিত করে। অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল উপস্থিত ছিলেন।

President :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ থেকে ছত্তিশগড়, তেলেঙ্গানা এবং অন্ধ্রপ্রদেশে তিনি দিনের সফরে যাবেন। ছত্তিশগড় সফরকালে রাষ্ট্রপতি অম্বিকাপুরে জনজাতীয় গোরব দিবস উদযাপনে অংশ নেবেন। সফরের দ্বিতীয় দিনে রাষ্ট্রপতি মুর্মু তেলেঙ্গানার সেকেন্ডারো বাদের রাষ্ট্রপতি নিলয়মে ভারতীয় কলা মহোৎসব ২০২৫-এর উদ্বোধন করবেন। শনিবার রাষ্ট্রপতি অন্ধ্রপ্রদেশের পুট্টপার্থীর প্রশান্তি নিলয়মে শ্রী সত্য সাহ বাবার শতবার্ষিকী উদযাপনের বিশেষ অধিবেশনে উপস্থিত থাকবেন।

PM-Kisan-Unakoti :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ভিডিও কনফারেন্সিং এর প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির ২১ তম কিস্তি প্রদান করেন। এতে উনকোটি জেলার মোট ১৪ হাজার ৩০৮ জন উপকৃত হয়েছেন বলে জানান কৃষি দপ্তরের উপ-অধিকর্তা সৌমেন নল্দী। জেলার পাঁচটি স্থানে 'প্রধানমন্ত্রী'র এই কার্যক্রম সরাসরি সম্প্রচার করা হয়। এর মধ্যে ছিল, উনকোটি জেলার কৃষি উপ-অধিকর্তার কার্যালয়, পেঁচারথলে সেক্টর অফিস, কৈলাশহরের গোরনগরের কৃষক বন্ধু কেন্দ্র, চন্দ্রপুরের কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং কুমারঘাটের কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয়।

International Film Festible :

ভারতের ৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ গোয়ার পানাজিতে শুরু হচ্ছে। এই উৎসবে ৮১টি দেশের ২৪০টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। উৎসব চলবে ২৮ নভেম্বর পর্যন্ত। ব্রাজিলের চলচ্চিত্র দ্য ব্লু ট্রেইল মারগাওয়ের রবীন্দ্র ভবনে উৎসবের উদ্বোধনী সিনেমা হিসেবে দেখানো হবে। এ বছর জাপানকে ফোকাস

কান্ট্রি, স্পেনকে পার্টনার নেশন এবং অস্ট্রিলিয়াকে স্পট লাইট কান্ট্রি হিসেবে
রাখা হয়েছে।

Unity Promo Fest- Gomati :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্যের পর্যটন সম্ভাবনাকে দেশ-
বিদেশের পর্যটকদের কাছে পৌঁছে দিতে ইউনিটি প্রমো ফেস্ট গুরুত্বপূর্ণ ভূমিকা
পালন করছে। গতকাল উদয়পুর স্পোর্টস গ্রাউন্ডে পর্যটন দপ্তরের উদ্যোগে
আয়োজিত দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্টের উদ্বোধন করে একথা বলেন
তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক রামপদ
জমাতিয়া প্রমুখ। আজ সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন আসামের
বিখ্যাত শিল্পী অনুরাগ মহান্ত ও রফে পাপন।

Surya Mitra Training :

ত্রিপুরা পুনর্বীকরণ যোগ্য শক্তি সংস্থার উদ্যোগে অয়েল ইন্ডিয়া লিমিটেড এবং
দক্ষিণ জেলা প্রশাসনের অর্থানুকূল্যে গতকাল থেকে বিলোনিয়ার পঞ্চায়েত
রিসোর্স সেন্টারে শুরু হয়েছে ১৫ দিনের সূর্য মিত্র প্রশিক্ষণ শিবির। শিবিরের
উদ্বোধন করেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। শিবিরে
পিএম সূর্যঘর এবং পিএম কুসুম প্রকল্পে সোলার প্যানেল এবং ইনভার্টার ব্যাটারি
সারাইয়ের প্রশিক্ষণ দেওয়া হবে। জেলার ৫৫ জন যুবক-যুবতী এই শিবিরে অংশ
নিয়েছেন।

Anemia-free India- Dhalai :

ধলাই জেলার লংতরাইভ্যালি মহকুমার মাছলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনে পূর্ব মাছলি, তুইকর্মা তুইসা হাইস্কুল প্রান্তিগে গতকাল রক্তাল্পতা মুক্ত ভারত কর্মসূচির অংশ হিসেবে একটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। রক্তাল্পতা হার কমানো এবং বিশেষ করে মহিলা ও শিশুদের স্বাস্থ্য পুরুষিত করাই "রক্তাল্পতা মুক্ত ভারত" কর্মসূচির মূল লক্ষ্য। শিবিরে মোট ৩৯ জন অংশগ্রহণকারীকে বিনামূল্যে রক্তাল্পতা নির্ণয়, চিকিৎসা এবং সচেতনতা প্রদান করা হয়।

Health Camp :

আগরতলার কলেজটিলাস্থিত শিশুতীর্থপ্রাক-প্রাথমিক বিদ্যালয় প্রান্তিগে গতকাল রোটারি ক্লাবের সহযোগিতায় স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। শিবিরে স্থানীয় জনগণের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষুধ প্রদান করা হয়।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ তোরে সবনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।
